ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৬৫
আগরতলা,২১ আগস্ট,২০২৪

**রাজ্যে ভারী বৃষ্টিপাত ঃ আজ ও আগামীকাল স্কুল ছুটি ঘোষণা**

সারা রাজ্যে গত দু'দিনের ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির জন্য আজ ২১ আগস্ট ও আগামীকাল ২২ আগস্ট, ২০২৪ রাজ্যের সমস্ত সরকারি, বেসরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত ও টিটিএএডিসির অন্তর্ভুক্ত বিদ্যালয় এবং মাদ্রাসাগুলিতে ছুটি ঘোষণা করা হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব আজ এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।

*****